# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/৩এ-২০৫/রে-৯৪৩২ তারিখ: ১৬/০৬/২০২৬

## অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯-০৬-২০১১খ্রিঃ/০৫-০৩-১৪১৮বঃ তারিখের ০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) নং পরিপত্রে উপাচার্য মহোদয়কে প্রদত্ত ক্ষমতাবলে এই বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের অধ্যাপক এবং রাইজ- এর পরিচালক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম- কে ব্যক্তিগত কারণে আগামী ২৪/০৬/২০২৬ তারিখ হতে ০৩/০৭/২০২৬ তারিখ পর্যন্ত থাইল্যান্ড গমন ও অবস্থানের অনুমতি এতদ্বারা প্রদান করা হলো।

এতদসংক্রান্তে যাবতীয় ব্যয়ভার তিনি নিজে বহন করবেন। এতদ্ব্যতীত এই ভ্রমণ সংশ্লিষ্টে বিশ্ববিদ্যালয় বা বাংলাদেশ সরকারের কোনরূপ আর্থিক সংশ্লেষ থাকবে না।

এ বিষয়ে তাঁকে নিয়মানুযায়ী ছুটি মঞ্জুর করা হবে। দেশে ফিরে বিশ্ববিদ্যালয়ে যোগদানের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

তাঁর অবর্তমানে রিসার্চ এন্ড ইনোভেশন সেন্টার ফর সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (রাইজ)- এর ভারপ্রাপ্ত পরিচালকের দায়িত্ব এবং নির্ধারিত একাডেমিক দায়িত্ব যথাক্রমে একই বিভাগের অধ্যাপক ড. সৈয়দ ইশতিয়াক আহমদ এবং সহকারী অধ্যাপক জনাব মির্জা মোঃ নাজমুস সাকিব পালন করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

স্বাক্ষর/-
(অধ্যাপক ড. এন. এম. গোলাম জাকারিয়া)
রেজিস্ট্রার (অ. দা.)
ফোন-০২২২৩৩৬৫৬১৬

নং সংস্থা/৩এ-২০৫/রে-৯৪৩২(১৫) তারিখ: ১৬/০৬/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

১. অধ্যাপক ড. মুহাম্মদ শরীফুল ইসলাম, পুরকৌশল বিভাগ ও পরিচালক, রাইজ, বা. প্র. বি., ঢাকা।
২. অধ্যাপক ড. সৈয়দ ইশতিয়াক আহমদ, পুরকৌশল বিভাগ, বা. প্র. বি., ঢাকা।
৩. জনাব মির্জা মোঃ নাজমুস সাকিব, সহকারী অধ্যাপক, পুরকৌশল বিভাগ, বা. প্র. বি., ঢাকা।
৪. বিভাগীয় প্রধান, পুরকৌশল বিভাগ, বা. প্র. বি., ঢাকা।
৫. পরিচালক, রাইজ, বা. প্র. বি., ঢাকা।
৬. কম্পট্রোলার, বা. প্র. বি., ঢাকা।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, বা. প্র. বি., ঢাকা।
৮. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৯. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১০. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
১২. মহাপরিচালক, বহিরাগমন ও ছাড়পত্র, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
১৩. পরিচালক, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, কূর্মিটোলা, ঢাকা।
১৪. এমআইএসও, রেজিস্ট্রার অফিস, বা. প্র. বি., ঢাকা।
১৫. ব্যক্তিগত ফাইল/গার্ড ফাইল।

16/06/26

(অধ্যাপক ড. এন. এম. গোলাম জাকারিয়া)
রেজিস্ট্রার (অ. দা.)